

দিলীপকান্তি লস্কর (১৯৪৯-)

অবস্থান

আমি কোথেকে এসছি, তার জবাবে যখন বললাম :
করিমগঞ্জ, আসাম
তিনি খুশিতে ডগমগ হয়ে বললেন : বাঃ, বেশ সুন্দর
বাংলা বলছেন তো!
একজন শিক্ষিত তথা সাহিত্যিকের যখন এই ধারণা, তখন
আমি আর কী বলতে পারি!
ওঁকে ঠিক জায়গাটা ধরিয়ে দিতে গিয়ে বললাম :
বাংলাভাষার পঞ্চদশ শহিদের ভূমিতে আমার বাস।
তিনি তন এক্কেবারে আক্ষরিক অর্থেই আমাকে ভিরমি
খাইয়ে দিয়ে বললেন :
ও : বাংলাদেশ? তা-ই বলুন।

মাতৃভাষা

আমাদের মাতৃভাষা বাংলা
আমাদের ছায়াছবির ভাষা হিন্দি

আমাদের মাতৃভাষা বাংলা
আমাদের সংগীতের ভাষা হিন্দি

আমাদের মাতৃভাষা বাংলা
আমাদের আনন্দের ভাষা হিন্দি

আমাদের মাতৃভাষা বাংলা
আমাদের উচ্চাশার ভাষা ইংলিশ

বৈধভূমি আসাম

কোথাও দুয়ার খোলা নেই
আমি কড়া নেড়ে আসি ফিরে
কোথাও কি বেরিয়েছে ওরা!
কই গেল পাড়ার সবাই!
নাকি ওরা বাইরে তালা দিয়ে
নিঃশব্দে ভিতরে লুকিয়ে?
ও পাড়ার শব্দে পাষণ
কান্নার পাথর হয়ে জমে
প্রহরেরা তুষারের মতো
ঠান্ডা ও নিঃশূচুপ বারে পড়ে।
স্তরুতার বারে রক্ত
জমে হয় কাঠ
বাতাসে বারুদগন্ধ
লাশের নিঃশ্বাস।